অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/30/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

মাতৃত্বকালীন মৃত্যুর হার কমাতে চলমান কাজের সমর্থনে ফেডারেল গ্রান্ট ঘোষণা করেছেন গভর্নর কুওমো

মাতৃত্বকালীন মৃত্যুর রিভিউ বোর্ডের (Maternal Mortality Review Board, MMRB) সদস্যদের ঘোষণাও করেন গভর্নর

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক হচ্ছে 24টি রাজ্যের মধ্যে একটি, যাকে সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) থেকে অনুদান প্রদান করা হয়েছে মাতৃত্বকালীন মৃত্যুর হার কমানোর জন্য এবং জাতিগত বৈষম্যের মোকাবিলা করার জন্য। গভর্নর তাঁর সম্প্রতি গঠিত নিউ ইয়র্ক স্টেট মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ডের সদস্যদের কথা ঘোষণা করেন, যা রাজ্যে প্রতিটি মাতৃত্বকালীন মৃত্যুর কারণ পর্যালোচনা করে এবং স্বাস্থ্য দপ্তরের কাছে কৌশল সংক্রান্ত সুপারিশ প্রদান করে ভবিষ্যতে মৃত্যু প্রতিরোধ করতে এবং সামগ্রিক স্বাস্থ্য ফলাফলের উন্নতিসাধনের জন্য।

"সব মহিলাদের গুণগত মান সম্পন্ন স্বাস্থ্য পরিষেবার অ্যাক্সেস থাকা উচিত বিশেষ করে প্রসবের আগে, প্রসবের সময় এবং তার পরে – এবং আমরা আমাদের গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রাখার জন্য সেরা এবং মেধাবীদের তালিকাভূক্ত করেছি নিশ্চিত করতে যাতে তা হয়," **গভর্নর কুওমো বলেন।** "এই পুরস্কার নিউ ইয়র্ককে এই জাতীয় সংকটের সুরাহা করতে সাহায্য করবে আমরা আমাদের মাতৃত্বকালীন মৃত্যুর পর্যালোচনা বোর্ডে তালিকাভূক্ত বিশেষজ্ঞদের প্রচেষ্টাকে সমর্থন করে।"

"গত শতকে আমাদের দেশ চিকিৎসা ক্ষেত্রে অনেক অগ্রগতি দেখেছে, তা সত্বেও অত্যধিক সংখ্যক কৃষ্ণাঙ্গ নারি যারা সন্তানের জন্ম দেওয়ার সময় মারা যায়, এবং আমরা এই অবিচার সংশোধন করতে এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটের মায়েদের জীবন রক্ষা করতে বদ্ধপরিকর," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন এবং আমাদের মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড থেকে এই অনুদান নিয়ে আমরা এই বিষয়ে কাজ চালিয়ে যাচ্ছি এবং এই সঙ্কটের মোকাবেলার জন্য সাহসী প্রস্তাব তুলে ধরছি। আমরা আমাদের সমাজের কাঠামোগত বর্ণ বৈষম্য যা প্রায়ই একটি মর্মান্তিক ঘটনায় গিয়ে শেষ হয়, সেটিকে শেষ করতে পদক্ষেপ গ্রহণ করার প্রতি অঙ্গিকারবদ্ধ।"

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিনের (New York City Department of Health and Mental Hygiene) সঙ্গে অংশিদারিত্বে কাজ করতে রাজ্য স্বাস্থ্য দপ্তরকে (State

Department of Health) 450,000 মার্কিন ডলার প্রদান করে সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন। CDC থেকে অর্থ সাহায্য করার উদ্দেশ্য হল, মাতৃত্বকালীন মৃত্যু ও গর্ভধারনের জটিলতার চালকগুলিকে বোঝার সুবিধার জন্য নিউ ইয়র্ক স্টেট মাতৃত্বকালীন মৃত্যু রিভিউ বোর্ডের কাজ টিকিয়ে রাখতে সাহায্য করা, এবং মাতৃত্বকালীন মৃত্যুর হারের ক্ষেত্রে জাতিগত বৈষম্যের ভূমিকাকে বোঝা। মাতৃত্বকালীন মৃত্যু রিভিউ বোর্ড (MMRB) পরিবার ও সম্প্রদায়ের জন্য ফলাফলে উন্নতিসাধনের জন্য কমিশনারকে ক্লিনিক্যাল ও কমিউনিটির হস্তক্ষেপের সুপারিশ করবে।

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "মাতৃত্বকালীন মৃত্যু রিভিউ বোর্ড এই বেদনাদায়ক ঘটনাগুলির মোকাবিলা করতে গাইড করবে এই ক্ষেত্রের বিশেষজ্ঞদের একত্রিত করে যাদের উপর সমস্ত মাতৃত্বকালীন মৃত্যু বিশ্লেষণ করার ভার ন্যস্ত আছে। CDC-র সহায়তা এবং বিশেষজ্ঞদের সহযোগিতায় আমরা এই বিষয়টির সুরাহা করতে পারি এবং জীবন বাঁচানোর কৌশল বাস্তবায়ন করতে পারবো।"

MMRB সদস্যদের মধ্যে রয়েছেন জনস্বাস্থ্য, প্রসূতি ও গাইনোকোলজি, অ্যানাস্থেশিয়া, মাতৃ-ভ্রূণের ওষুধ, পারিবারিক ওষুধ, সাইকিয়াট্রি, নার্সিং, ধাত্রীবিদ্যা, সমাজসেবামূলক কাজ ও ফরেনসিক প্যাথলজির ক্ষেত্রে বহুমুখি বিশেষজ্ঞরা। অগস্টে সভা শুরু করা সদস্যরা নিউ ইয়র্ক স্টেটের মাতৃত্বকালীন মৃত্যুর সমস্ত ঘটনাগুলি পর্যালোচনার জন্য নিয়মিত বৈঠক চালিয়ে যাবেন।

উন্নত দেশগুলির মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্র মাতৃত্বকালীন মৃত্যুর হার বেশ বেশি – যেহেতু সমগ্র দেশে সন্তান প্রসবের সময় কৃষ্ণাঙ্গ নারিদের মৃত্যুর সম্ভাবনা প্রায় চার গুণ, এবং নিউ ইয়র্কে তা প্রায় তিন গুণ, তাই বর্ণ বৈষম্য অব্যাহত রয়েছে। 2010 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট মাতৃত্বকালীন মৃত্যুর হার হ্রাসের ক্ষেত্রে উন্নতি করেছে, দেশের মধ্যে তার স্থান তখন ছিল 46তম, এই রাজ্য এখনো দেশের 30তম স্থানে রয়েছে।

MMRB গভর্নরের নারী ও বালিকাদের কাউন্সিলের (Governor's Council on Women and Girls) এবং মাতৃত্বকালীন মৃত্যু ও বৈষম্যপূর্ণ জাতিগত ফলাফলের টাস্কফোর্স (Taskforce on Maternal Mortality and Disparate Racial Outcomes) এর সুপারিশের উপর ভিত্তি করে গঠন করছে। এই বছর আগে পাশ করা বাজেটে মাতৃত্বকালীন মৃত্যু পর্যালোচনা বোর্ড এবং মাতৃত্বকালীন মৃত্যুর উপদেষ্টা পরিষদ সহ, টাস্কফোর্সের সুপারিশগুলিকে সহায়তা করতে দুই বছর ধরে 8 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে, সেই সাথে স্টেটের উচ্চ ঝুঁকি সম্পন্ন অঞ্চলগুলিতে কমিউনিটি স্বাস্থ্য কর্মীদের অ্যাক্সেস বৃদ্ধি করতে স্বাস্থ্য দপ্তরের মা এবং সদ্যজাত কমিউনিটির স্বাস্থ্য সহযোগিতার (Department of Health's Maternal Infant Community Health Collaborative) মাধ্যমে 2 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ করা হয়েছে। MMRB এবং টাস্কফোর্সের কাজ, আরো বেশ কিছু উদ্যোগের সাথে, মাতৃত্বকালীন মৃত্যুর মোকাবেলায় গভর্নরের কাজের উপর ভিত্তি করে গঠন করে এবং জাতিগত বৈষম্যের ফলাফল হ্রাস করে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন